

প্রচ্ছদ >

শেরপুরে প্রাথমিক শিক্ষক সমিতির আয়োজনে শোভাযাত্রা

“মাস্ক নাই তো সেবাও নাই”



প্রকাশক Wadut

প্রকাশের সময়ঃ ১২:২২ অপরাহ্ন, ৩ ডিসেম্বর, ২০২০

সর্বশেষ সংস্করণঃ ১২:২৫ অপরাহ্ন, ৩ ডিসেম্বর, ২০২০



আব্দুল ওয়াদুদ :

ঘর থেকে বের হলেই মাস্ক পরা সকলের জন্য বাধ্যতামূলক “মাস্ক নাই তো সেবাও নাই” এই শ্লোগানকে সামনে রেখে বগুড়ার শেরপুরে প্রাথমিক শিক্ষক সমিতি শেরপুর উপজেলা শাখার আয়োজনে শোভাযাত্রা বের করা হয়।

বৃহস্পতিবার (৩ ডিসেম্বর) সকাল ১০টায় শেরপুর উপজেলা চত্বর হতে শোভাযাত্রা বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। প্রাথমিক সমিতির শেরপুর উপজেলা শাখার সভাপতি আব্দুল মতিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সায়েদুজ্জামানের পরিচালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার লিয়াকত আলী সেখ। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শাহ জামাল সিরাজী, শিক্ষক জয়নাল আবেদীন, আফছার আলী, এনামুল হক, দোলন কুমার মহন্ত, মাহমুদা খাতুন রাখি, শামিমা মোস্তারি, এনামুল হক প্রমুখ। এ সময় মাস্ক বিতরণ করা হয় এবং বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

© ২০২০ - বিজয় বাংলা কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

ডিজাইনঃ হারেজ আল বাকী

স্বল্পমূল্যে এরকম ওয়েবসাইট তৈরি করতে ফোন করুন +৮৮০১৭৯৭৩৯৫৭৩৯